অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ট্রাম্প প্রশাসনের পাবলিক চার্জ সংক্রান্ত বিধি কার্যকর করতে সুপ্রিম কোর্টের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত সম্বন্ধে গভর্নর অ্যান্ড্রু এম. কুউমোর বিবৃতি

"সুপ্রিম কোর্টের ট্রাম্প প্রশাসনকে তার বৈষম্যমূলক পাবলিক চার্জ বিধি কার্যকর শুরু করা প্রসঙ্গে অনুমতি প্রদান করার এই সিদ্ধান্ত গভীরভাবে উদ্বেগজনক এবং এর ফলে দেশের সর্বত্র অভিবাসীদের উপর কেন্দ্রীয় সরকারের অমানুষিক নির্যাতন কেবল আরো বাড়বে।

ট্রাম্প প্রশাসন মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে অভিবাসী সম্প্রদায়ের উপর নির্মম এবং বর্বর হামলা চালিয়েছে এবং এই নিয়মটি সেই নির্মমতার-ই ধারাবাহিকতা। পাবলিক চার্জ রুলটি স্পষ্টভাবেই রঙিন ত্বকের স্বল্প-আয়ের অভিবাসীদের টার্গেট করে তৈরি করা হয়েছিল,দরিদ্র হওয়ার কারণে তাদেরকে আমাদের দেশে প্রবেশ করতে না দিয়ে শাস্তি প্রদান করা হয় এবং যারা ইতোমধ্যে এখানে প্রবেশ করেছে তাদেরকে গুরুত্বপূর্ণ সরকারী সেবাসমূহ ও ভবিষ্যতে গ্রিন কার্ড প্রাপ্তির মধ্যে একটিকে অনিচ্ছাকৃতভাবে বেছে নিতে বলা হয়। আমরা অভিবাসীদের নিয়ে গড়ে উঠা একটি জাতি এবং নিদারুণ প্রয়োজনে আমাদের উপকূলে তাদেরকে আশ্রয় ও সহায়তা চাওয়া থেকে নিরুৎসাহিত করা আমেরিকান এবং নিউ ইয়র্কবাসী হিসাবে আমাদের মূল্যবোধের পরিপন্থী।

নিউ ইয়র্কে,আমরা সবসময় আমাদের অভিবাসী প্রতিবেশী এবং সম্প্রদায়ের সদস্যদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে পাশে থাকবো,তাদের সমর্থন দিয়ে যাবো এবং ট্রাম্প প্রশাসনের আক্রমণের বিরুদ্ধে লড়াই অব্যাহত রাখব। আমরা নিশ্চিত করব যে নিউইয়র্ক সবার জন্য আশা ও গ্রহণযোগ্যতার বাতিঘর হয়ে থাকবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন